গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
acl.ullapara.sirajganj.gov.bd

স্মারক নং- ৩১.৫০.৮৮৯৪.০০৫.০৩.০০১.১৯- ৩০৭

২২ ফাল্গুন ১৪২৫ ব.
০৬ মার্চ ২০১৯ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলাধীন উল্লাপাড়া উপজেলার ভূমি মন্ত্রণালয়ের অধীনের ২০ একরের নিম্নে বদ্ধ জলমহাল/পুকুর সমূহ ১৪২৬-১৪২৮ বাংলা সনের জন্য (তিন) বছর মেয়াদে (১ম বছর ব্যতীত পরবর্তী প্রতি বছর ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত নবায়ন সাপেক্ষে) ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্ন শর্ত সমূহের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার ও নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত তারিখে অফিস চলাকালিন আবেদন পত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। জলমহাল/পুকুর সমূহের তালিকা উপজেলা ভূমি অফিস, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে দেখা যাবে।

| | আবেদনপত্র বিক্রয়ের শুরুর তারিখ | আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | আবেদনপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১মবার | ১১/০৩/১৯ | ২০/০৩/১৯ | ২১/০৩/১৯ - বেলা ১.০০ ঘটিকা | ২১/০৩/১৯ - বেলা ৩.০০ ঘটিকা |
| ২য় বার | ২৪/০৩/১৯ | ৩১/০৩/১৯ | ০১/০৪/১৯ - বেলা ১.০০ ঘটিকা | ১০/০৪/১৯ - বেলা ৩.০০ ঘটিকা |

### শর্ত সমূহ ঃ

০১। নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর অফিস হতে অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদন সংগ্রহ করা যাবে।

০২। ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসার , উল্লাপাড়া এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেওয়া যাবে।

০৩। উপজেলা সমবায়/সমাজসেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৪। সমিতির বিগত দুই বছরের অডিট রিপোর্টি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৫। আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিষ্ট্রেশন/তালিকাভুক্তির মূল সনদপত্র আনতে হবে। অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না।

০৬। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৭। কোন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা, আনছার ভি ডি পি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজসেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে।

০৮। আবেদন ফরমের সাথে ইজারা মূল্যের ২০% তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়ার অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে। জামানতের অর্থ কম বা জামানত বিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালার আলোকে বাংলা ১৪২৬ সন হতে বাংলা ১৪২৮ সন পর্যন্ত (প্রতি বছর ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত)জলাশয় ইজারা প্রদান করা হবে এবং ইজারা প্রতি বছর সরকারী রাজস্ব ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে নবায়নযোগ্য।

১০। ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রথম বৎসরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে সরকারের জলমহাল ও পুকুর ইজারা ০১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।

১১। ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর জমা প্রদান করতে হবে।

১২। আবেদনপত্রের মাধ্যমে ইজারাকৃত জলমহাল কোন ক্রমেই সাবলিজ প্রদান করা যাবে না। যদি সাব লীজ দেয়া হয় তাহলে উক্ত জল মহালের ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য বাতিল করা হবে। এছাড়া ইজারা গ্রহীতা মৎসজীবী সমবায় সমিতি কোন জল মহালের নবায়ন মূল্য পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ০৩(তিন) বছর কোন জল মহাল ইজারা সংক্রান্ত আবেদন করতে পারবে না।

১৩। তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হলে জামানতের অর্থ সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৪। কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবে না।

১৫। খামের উপর জলাশয়ের নাম, মৎসজীবী/মৎসজীবী সমিতি বা সংগঠনের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের উপর ঘষাঘষি বা উপরিলিখন গ্রহণযোগ্য নয়।

১৬। মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষনপ্রাপ্ত নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে ।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের অবস্থানের সীমানা পরিবর্তন বা জল মহাল সংলগ্ন পুকুরের পাড় কাটা এবং পাড়ে বৃক্ষাদি কাটাসহ কোন ক্ষতিকারক কাজ করতে পারবে না। এরুপ কাজে লিপ্ত হলে জলমহার ইজারা বাতিল করা হবে। এতে কারও কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮। কারিগরি প্রযুক্তি মোতাবেক মৎস্য চাষের ব্যবস্থা করতে হবে।

১৯। প্রকৃত মৎস্যজীবী বা মৎসজীবী সংগঠন বলতে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ (সংশোধিত ২০১২) কর্তৃক প্রদত্ত সংজ্ঞায় যা বলা হয়েছে, তা বুঝাবে। অর্থাৎ মৎস্যজীবী নির্ধারনে "জাল যার জলা তার" এই নীতির বাস্তবায়ন করা হবে।

২০। সর্বোচ্চ দরদাতার আবেদনপত্র গ্রহণ/অনুমোদন করতে কর্তৃপক্ষ বাধ্য নহেন। কোন কারন দর্শানো ব্যতিরেকেই কোন আবেদনপত্র এই ইজারা বিজ্ঞপ্তি গ্রহণ বা বাতিল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২১। সরকারের সর্বশেষ নির্দেশনা এবং সময়ে জারীকৃত জলাশয় ইজারা সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা ইজারাদার মানতে বাধ্য থাকবেন।

২২। উল্লিখিত শর্ত সমূহ পালনে ব্যর্থ হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

২৩। আবেদন দাখিলের সময় প্রকৃত মৎসজীবী সমিতিকে তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা ও মোবাইল নম্বর সহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা ও মোবাইল নম্বর সহ) গঠনতন্ত্রের কপি, ব্যাংক এ্যাকাউন্ট লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

২৪। ইজারা গ্রহিতা জলমহাল/পুকুর সরেজমিনে পরিদর্শনপূর্বক ইজারার জন্য আবেদন করেছেন মর্মে ধরে নেওয়া হবে। পরবর্তীতে কোন প্রকার আপত্তি বা অভিযোগ গ্রহনযোগ্য হবে না।

২৫। তালিকাভুক্ত জলমহালের উপর কোন আদালতের নিষেধাজ্ঞা থাকলে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

২৬। অসম্পূর্ণ আবেদন পত্র কর্তৃপক্ষ বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মাহবুব হাসান)
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নং- ৩১.৪৩.৮৮৯৪.০০৫.০৩.০০১.১৯- ৩০৯ (৩০)

২২ ফাল্গুন ১৪২৫ ব.
০৬ মার্চ ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫-সিরাজগঞ্জ,৪-উল্লাপাড়া ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ উল্লাপাড়া ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

৫। উপজেলা নির্বাহী অফিসার,উল্লাপাড়া,সিরাজগঞ্জ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ইজারা বিজ্ঞপ্তিখানা ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ-

৭। সহকারী কমিশনার (আই সি টি) সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি সিরাজগঞ্জ জেলা ওয়েব পোর্টালের নোটিশে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..........................ইউনিয়ন ভূমি অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। উক্ত বিজ্ঞপ্তিটি স্ব-স্ব অধিক্ষেত্রে ব্যাপক প্রচার করে ধার্য তারিখের অন্ততঃ ০১ দিন পূর্বে জারীর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

৯। উপজেলা,.......................................কর্মকর্তা, উল্লাপাড়া।

১০। অফিসার ইনচার্জ, উল্লাপাড়াকে দরপত্র দাখিলের ধার্য্য তারিখে প্রয়োজনীয় সংখ্যাক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।

১১। চেয়ারম্যান,.....................................(সকল) ইউ পি উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

১২। জনাব/বেগম.............................................................সদস্য/ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে বেলা৩.০০ টায় কমিটির সভায় উপস্থিত হয়ে দরপত্র বাক্স খোলা সহ জলমহাল ইজারা প্রদানের প্রয়োজনীয় সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।

১৩। জনাব মোঃ মহসীন দুলাল, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালের নোটিশে আপলোড করার জন্য বলা হলো।

১৪। অফিস কপি।

০৬.০৩.১৯
সহকারী কমিশনার (ভূমি)
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।